



1

৩৫

**প্রকৌশল জাতি
 শিক্ষকদের কর্মবিবর্তি
 স্থাগত**
 (স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তাদের পূর্বে নির্ধারিত কর্মসূচী সময়িকভাবে স্থাগত রেখেছেন। শনিবার থেকে এই কর্মবিবর্তি পালনের কথা ছিল।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোহাম্মদ মজিবুর রহমান ও সাধারণ সম্পাদক ড. জরীফ আহমদ চৌধুরী গতকাল এক বিবৃতিতে জানান, ২৩শে ডিসেম্বর দিবাগত রাতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আর্বাসিক এলাকা ও একাডেমিক অফিসসমূহে কিছু সংখ্যক ছাত্রের উচ্চংখল অচরণ ও সন্ত্রাসমূলক কার্যকলাপের জন্য দায়ী ব্যক্তিদের শাস্তিদানের ব্যাপারে কাতপক্ষের গহীত পদক্ষেপের প্রেক্ষিতে উপরোক্ত সিদ্ধান্ত দেয়া হয়েছে। গত রোববার সমিতির সভাপতির সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরী সভায় কাতপক্ষের গহীত পদক্ষেপ পর্যালোচনা করে আগামী ১৭ই জানুয়ারী মধ্যে তা কার্যকর করার দাবী জানান হয়েছে। তা না হলে আগামী ১৮ই জানুয়ারী থেকে শিক্ষকরা কর্মবিবর্তি পালন শুরু কবেন।